দৈনিক ইনকিলাব

17

তারিখ ... ... SEP. 0 8. 1999 ...
পৃষ্ঠা ... কলাম ...



*বরিশাল ব্যুরো ঃ বরিশাল বিভাগীয় বেসরকারী প্রাথমিক শিক্ষক সমাবেশে বক্তব্য রাখেন কেন্দ্রীয় সভাপতি শামসুল আলম ও মহাসচিব আলহাজ্ব আক্কাস আলী শেখ —ইনকিলাব*

## বেসরকারী প্রাথমিক শিক্ষকদের বরিশাল বিভাগীয় সমাবেশ অনুষ্ঠিত

**বরিশাল ব্যুরো ঃ** বাংলাদেশ বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের কর্মরত শিক্ষক-শিক্ষিকাদের চাকরি জাতীয়করণের একদফা দাবী আদায়ের লক্ষ্যে গত ২ সেপ্টেম্বর বরিশাল বিভাগীয় শিক্ষক সমাবেশ স্থানীয় টাউন হলে অনুষ্ঠিত হয়।

বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় কমিটির সভাপতি মোঃ শামসুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে কেন্দ্রীয় কমিটির মহাসচিব আলহাজ আক্কাস আলী শেখ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সমাবেশে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন কেন্দ্রীয় সহ-সভাপতি সোলায়মান বাবুল, যুগ্ম মহাসচিব মহিউদ্দিন খন্দকার, আঃ রহমান বাচ্চু, সাংগঠনিক সম্পাদক মৃগেন্দ্র মোহন সাহা, দপ্তর সম্পাদক যতীশ চন্দ্র মণ্ডল, বগুড়া জেলার শিক্ষক খায়রুল আলম, সিরাজগঞ্জ জেলা সভাপতি আমিরুল ইসলাম চৌধুরী, সম্পাদক অলি উল্লাহ, পটুয়াখালী জেলা সভাপতি মিজানুর রহমান, বরগুনা জেলা সভাপতি আলমগীর কবির, পিরোজপুর জেলা সভাপতি আবু হানিফ আকন, ঝালকাঠী জেলা সভাপতি হাসান ইমাম নান্নু, ভোলা জেলা সম্পাদক মোসলেহ উদ্দিন, বরিশাল জেলা সভাপতি আবুল কালাম আযাদ, সম্পাদক মজিবর রহমান কাজল প্রমুখ।

সমাবেশ শেষে হাজার হাজার বেসরকারী প্রাথমিক শিক্ষক-শিক্ষিকা তাদের দাবীর পক্ষে মিছিল বের করে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।